আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**20 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) মণিপুরের হিংসাত্মক পরিস্থিতির প্রভাব আসামেও পড়ার আশঙ্কায় কাছাড় জেলা পুলিশের জেলার আসাম-মণিপুর সীমান্ত সীল করার নির্দেশ/

(২) সাধারণ শ্রেণীর যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে ভারতীয় রেলওয়ের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ/

(৩) আগামী ২৭শে নভেম্বর থেকে কাজিরাঙ্গায় তিনদিনব্যাপী আর্ন্তজাতিক পর্যটন মেলা/

এবং

(৪) ৩২তম শিলচর বইমেলা আজ থেকে শিলচরে আরম্ভ/

-------------------------------------------------------------------------------

মণিপুরের হিংসাত্মক পরিস্থিতির প্রভাব আসামেও পড়ার আশঙ্কায় কাছাড় জেলার পুলিশ, এই জেলার আসাম-মণিপুর সীমান্ত সম্পূর্ণরূপে সীল করে দিয়েছে । কাছাড় পুলিশের সূত্রে জানা গেছে যে- মণিপুর থেকে দুষ্কৃতকারীরা আসামে প্রবেশ করতে পারে বলে গোয়েন্দা সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । কাছাড় জেলার আসাম-মণিপুর সীমান্তে সশস্ত্র পুলিশ সহ কমান্ডো ব্যাটেলিয়ানও মোতায়েন

করা হয়েছে । উভয় রাজ্যের সীমান্তে ২৪ঘন্টা প্রহরার ব্যবস্থা করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে । এদিকে কাছাড় জেলার নাগরিক সমিতিগুলিকেও সতর্ক করে দেওয়া হয়েছে ।

অন্যদিকে কেন্দ্রীয় সরকার মণিপুরে নিরাপত্তা বাহিনী মোতায়েন করার পর রাজ্যের সামগ্রিক পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে এসেছে । আজ মণিপুরের পশ্চিম ইম্ফাল, পূর্ব ইম্ফাল, বিষ্ণুপুর এবং কাকচিং জেলায় ভোর পাঁচটা থেকে সকাল দশটা পর্যন্ত কার্ফিউ শিথিল করা হয়েছে । তবে এই সময়ের মধ্যে প্রকাশ্য স্থানে সবধরণের সমাবেশ, ধর্ণা, মিছিল ইত্যাদির অনুমতি দেওয়া হয়নি। বিদ্যালয় সমূহ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে বলেও প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সাধারণ শ্রেণীর যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে ভারতীয় রেলোয়ে একাধিক পদক্ষেপ গ্রহণ করে আসছে ।উন্নত পরিষেবা এবং বর্ধিত যাত্রী চাহিদা পূরণ করার ক্ষেত্রে ভারতীয় রেলোয়ে তার প্রতিশ্রুতির অংশ হিসেবে ২০২৪ এর নভেম্বর মাসের মধ্যে প্রায় ৩৭০ টি নিয়মিত ট্রেনে ১ হাজারের ও বেশী নতুন জি এস ( জেনারেল সিটিং ) কোচ চালু করার পরিকল্পনা করেছে । ভারতীয় রেলোয়ের এই সাফল্যের অংশ হিসেবে উত্তর পূর্ব সীমান্ত রেলোয়ে ( এন এফ আর) এক গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে আসছে । উত্তর পূর্ব সীমান্ত রেলোয়ে ৩৬ টি ট্রেন / ৬৯ টি রেকে ইতিমধ্যে ২৭৬ টি জি এস কোচ যুক্ত করেছে যা এই জোনের মধ্যে এবং বাইরের যাত্রীদের উন্নত সাচ্ছন্দ্য এবং সুবিধা প্রদান করবে ।এছাড়া উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের পক্ষ থেকে ২০২৪ এর ডিসেম্বরের মধ্যে তিনটি অতিরিক্ত ট্রেনে আরো ১৬ টি জি এস কোচ যুক্ত করার পরিকল্পনা করা হয়েছে । যাতে সমাজের প্রত্যেক শ্রেণীর যাত্রীদের জন্য ট্রেন যাত্রাকে আরো আরামদায়ক করে তোলা যায় ।

---------------------------------------------------------------------------------

দিল্লি সরকার দেশের রাজধানী এলাকার ভয়াবহ বায়ু প্রদূষণের সমস্যার প্রতি লক্ষ্য রেখে দিল্লির ৫০ শতাংশ কর্মচারীর জন্য ওয়ার্ক ফ্রম হোম ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে । উল্লেখ্য- দেশের রাজধানী দিল্লির বাতাসের গুণগতমান এখনো শোচনীয় হয়ে রয়েছে । এদিকে দিল্লির বাতাসের মান উন্নত করার পাশাপাশি দূষণের কারণে দেখা দেওয়া কুয়াশার আস্তরণ দূর করার জন্য প্রযুক্তির সহায়তায় কৃত্রিম বৃষ্টিপাত করানোর অনুমোদন প্রদান করতে দিল্লির পরিবেশ মন্ত্রণালয় কেন্দ্রীয় সরকারের কাছে আহ্বান জানিয়েছে । এদিকে দিল্লি, গাজিয়াবাদ ও নয়দার বিদ্যালয়গুলিতে অনলাইন ক্লাস

আরম্ভ হয়েছে । দিল্লি বিশ্ববিদ্যালয়, জামিয়া মিলিয়া ইসলামিয়া ইত্যাদির মতো বিশ্ববিদ্যালয়গুলিতে আগামী শনিবার পর্যন্ত এবং জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে আগামী শুক্রবার পর্যন্ত অনলাইন ক্লাস চালু থাকবে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ ডিমা হাসাও স্বশাসিত পরিষদের সভাকক্ষে এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন । এই সভায় শ্রী দাস প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ), আসাম রাজ্য গ্রামীণ জীবিকা অভিযান, রেশন কার্ড ইতাদি বিভিন্ন বিষয় সম্পর্কে কাজকর্মের অগ্রগতির খোঁজখবর নেন । এই পর্যালোচনা সভায় পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা সহ কার্যবাহী সদস্য এবং অন্যান্য সদস্যদের সঙ্গে সংশ্লিষ্ট বিভাগীয় আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

৩২তম শিলচর বইমেলা আজ থেকে শিলচরে শুরু হয়েছে । শিলচর সার্কিট হাউস রোডের বিপিন চন্দ্র পাল সভাস্থলে আয়োজিত এবারের বইমেলার প্রদীপ জ্বালিয়ে সূচনা করেছেন ভারত সেবাশ্রম সঙ্ঘের স্বামী গুণসিন্ধুজী মহারাজ । মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি বলেন যে- বইমেলার মাধ্যমে বহুকিছু শেখা যায় । বই কেনা ও উপহার দেওয়ার পাশাপাশি তিনি মাতৃভাষা শিক্ষার উপরও গুরুত্ব আরোপ করেন । অনুষ্ঠানে উপস্থিত কাছাড়ের সহকারী আয়ুক্ত আই আই ওজুকুম বলেন যে- বই পড়ার মাধ্যমে একজন মানুষ পরিপূর্ণ হয়ে ওঠে । শুধুমাত্র ইন্টারনেট সকল উদ্দেশ্য পূরণ করেনা । বইকে মূল্যবান দলিল হিসেবে অভিহিত করে তিনি বইয়ের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেন । প্রাক্তন ছাত্রনেতা এবং বরাক ডেমোক্র্যাটিক ফ্রন্টের নেতা প্রদীপ দত্তরায় বইপড়ার আগ্রহ কমে যাওয়ায় দুঃখ প্রকাশ করে বলেন যে- মোবাইল এবং ইন্টারনেটের দাপটে বইয়ের থেকে মুখ ফিরিয়ে নেওয়াটা এক অশনি সঙ্কেত । উল্লেখ্য এই বইমেলা বারোদিন ধরে চলবে ।

---------------------------------------------------------------------------------------

আসাম প্রকাশনা পর্ষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে আগামী ২৭শে ডিসেম্বর থেকে গুয়াহাটিতে বারোদিনের আসাম বইমেলা অনুষ্ঠিত হবে । গুয়াহাটির খানাপাড়া পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এই মেলায় স্টল দেওয়ার জন্য ইতিমধ্যে আবেদন পত্র প্রকাশ করা হয়েছে । গুয়াহাটির বামুনি মৈদামে থাকা আসাম প্রকাশন পর্ষদের কার্যালয় ও পানবাজারের সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার কার্যালয় এবং www.publicationboardassam.com এই ওয়েবসাইটের থেকে আবেদন

পত্র সংগ্রহ করা যাবে । আবেদন পত্র সমূহ আগামী তেসরা ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ২৭ শে নভেম্বর থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র কাজিরাঙা জাতীয় উদ্যানে আর্ন্তজাতিক পর্যটন মেলা অনুষ্ঠিত হবে ।এই পর্যটন মেলায় বিভিন্ন দেশের ২০ জন প্রতিনিধি অংশ গ্রহণ করা সহ কেন্দ্রীয় পর্যটন মন্ত্রনালয়ের ১৮০ জন প্রতিনিধি অংশ গ্রহণ করবেন ।এছাড়া উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্য পর্যটন মেলায় অংশ গ্রহণ করে সংশ্লিষ্ট রাজ্যের হস্তশিল্প বিপনীর ব্যবস্থা করেছে । এদিকে রাজ্যের পর্যটনস্থলগুলি পরিদর্শনের জন্য প্রতিনিধিদের তিনটি ভাগে বিভক্ত করে কাজিরাঙা থেকে যাত্রা করার সুবিধা প্রদান করা হবে ।সে অনুযায়ী প্রথম দলটি কাজিরাঙা থেকে যোরহাট - মাজুলী হয়ে ডিব্রুগড়ে যাত্রা করবে ।দ্বিতীয় দলটি কাজিরাঙা থেকে নগাও - ওমরাংশু - পবিতরা হয়ে গৌহাটীর উদ্দেশ্যে যাত্রা করবে ও তৃতীয় দলটি তেজপুর - নামেরি হয়ে মানস জাতীয় উদ্যানের উদ্দেশ্যে যাত্রা করবে ।

-----------------------------------------------------------------------------------

মিশন বসুন্ধরা তৃতীয় পর্যায় এর অধীনে প্রাপ্ত সেবাগুলি থেকে জনসাধারণকে সুবিধা গ্রহণ করতে করিমগঞ্জ জেলা প্রশাসন আহ্বান জানিয়েছে । এর অধীনে আবেদনের শেষ দিন হচ্ছে আগামী ৩১ শে ডিসেম্বর । এছাড়া প্রাপ্য সেবাগুলি হচ্ছে মিশন বসুন্ধরা দ্বিতীয় পর্যায়ের অধীনে অধিক স্বচ্ছতার জন্য স্থগিত রাখা আবেদগুলি পুনরায় পরীক্ষা করা , শহর ও শহরের নিকটবর্তী অঞ্চলে কম প্রিমিয়ামে একসনা পাট্টার ম্যাদীকরণ , আগে গ্রামীন এলাকা কিন্তু পরবর্তীতে শহরাঞ্চল হিসেবে ঘোষিত এলাকায় দখলিস্বত্ব থাকা রায়তকে মালিকীসত্ব প্রদান ।এছাড়া বন্দিবস্ত না হোয়ার আগে ভুমিদান তথা গ্রামদান ভূমির বন্দোবস্ত প্রদান , সম্প্রসারিতরুপে ভূমির শ্রেণী পরিবর্তন , চা -অনুদান তথা গ্রান্ট জমির পাট্টার শ্রেনী পরিবর্তন করে পাট্টা প্রদান ।

রাজ্য সরকারের রাজস্ব এবং দূযোগ ব্যবস্থাপনা বিভাগ থেকে জনসাধারণকে সেবা সেতু পোর্টাল বা সি এস সি র মাধ্যমে আগামী ৩১ শে ডিসেম্বরের মধ্যে আবেদন করে সুবিধা গ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- ভোটদাতাদের ফটোযুক্ত পরিচয় পত্রের বিশেষ সংক্ষিপ্ত সংশোধনের সঙ্গে সম্পর্কিত সংশোধন অথবা পরিবর্তনের জন্য আগামী পয়লা জানুয়ারিকে ভিত্তি হিসেবে নিয়ে বাছাই পর্ব শুরু হয়েছে । এতে জানানো হয়েছে যে- ছ'নম্বর ফর্ম হচ্ছে ভোটার তালিকায় নাম

অর্ন্তভুক্তির জন্য, সাত নম্বর ফর্ম হচ্ছ ভোটার তালিকা থেকে নাম মুছে ফেলার জন্য এবং আট নম্বর ফর্ম দিয়ে ভোটার তালিকায় থাকা বিবরণ সংশোধন করা যাবে । এছাড়া ওয়েব পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন পত্র জমা দেওয়া যাবে । www.nvsp.in এ এবং ভোটার হেল্পলাইন এ্যাপ'এর মাধ্যমেও আবেদন করা যাবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও কার্যালয়ের শূন্য পদ পূরণ , বেকারদের কর্মসংস্থানের সুযোগ প্রদানের জন্য রাজ্যে শিল্প কারখানা স্থাপন , চাকুরী না হোয়া পর্যন্ত বেকার ভাতা প্রদান , চা শ্রমিক সহ অন্যান্য সব বিভাগে অস্থায়ীভাবে কর্মরতদের চাকুরী নিয়মিতকরণ সহ অন্যান্য বিভিন্ন দাবীতে আজ যুব সংগঠন এ আই ডি ওয়াই ও র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয় । বিক্ষোভ চলাকালে সংগঠনের সভাপতি অঞ্জন কুমার চন্দ , সহ সভাপতি পরিতোষ ভট্টাচার্য প্রমুখ রাজ্যে কর্মসংস্থানের অভাবে বেকারের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাওয়ায় তাদের মধ্যে হতাশার সৃষ্টি হচ্ছে বলে উল্লেখ করে বাইরের রাজ্যে গিয়ে ও যুব সম্প্রদায় উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ পাচ্ছেনা বলে অভিযোগ করেন ।বিক্ষোভ শেষে তাদের দাবী সম্বলিত একটি স্মারকপত্র জেলা উপায়ুক্তের মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে প্রেরণ করা হয় ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ সদর রাজস্ব চক্রের অর্ন্তগত এলাকায় গত ১৬ ই নভেম্বর থেকে জমির খাজনা সংগ্রহ শিবির ও রাজস্ব আদালত অনুষ্ঠিত হচ্ছে , চলবে আগামী ২৮ শে নভেম্বর পর্যন্ত ।করিমগঞ্জ সদর রাজস্ব চক্রের চক্র আধিকারিক ঐ খাজনা সংগ্রহ শিবিরে অথবা করিমগঞ্জ সদর রাজস্ব চক্রে জমির খাজনা জমা দিতে আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------